



# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/সংস্থাপন/ ৯৭০

তারিখঃ- ২৪/০৮/২০১৬খ্রিঃ

বিষয়ঃ আসন্ন ঈদ-উল-আযহা ২০১৬ উপলক্ষে মহাসড়কে যাত্রিসাধারণের যাতায়াত নির্বিঘ্ন করার নিমিত্ত আন্তঃমন্ত্রণালয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্রঃ ১) নং- ৩৭.০০.০০০০.০৮৫.৯২.০০৯.১৫(অংশ)-১২৭৪; তারিখঃ ২৩ আগষ্ট, ২০১৬ খ্রিস্টাব্দ  
২) নং- ৩৭.০০.০০০০.০৬৫.১৬.০৩৮.১৬-৪৪২; তারিখঃ ২১ আগষ্ট, ২০১৬ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আসন্ন ঈদ-উল-আযহা ২০১৬ উপলক্ষে মহাসড়কে যাত্রিসাধারণের যাতায়াত নির্বিঘ্ন করার নিমিত্ত গত ০২ জুন ২০১৬ তারিখ আন্তঃমন্ত্রণালয় সভায় শিক্ষা মন্ত্রণালয় সংশ্লিষ্ট নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে:

সিদ্ধান্ত নম্বর-২৯: টয়লেট ব্যবহারের উপযোগী রাখা:

“ক) অপ্রত্যাশিত যানজটকালীন সময়ে মহিলা ও শিশুদের ব্যবহারের সুবিধার্থে মহাসড়কের পার্শ্বে অবস্থিত পেট্রোল পাম্প, সিএনজি স্টেশন, হাইওয়ে রেস্টুরেন্ট, ডাকবাংলো এবং শিক্ষা প্রতিষ্ঠানের টয়লেটগুলো ব্যবহারের উপযোগী রাখতে হবে”।

বর্ণিত অবস্থায় উক্ত সিদ্ধান্তের বাস্তবায়ন নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড অধিক্ষেত্রাধীন দাখিল ও আলিম স্তরের সকল মাদরাসার পরিচালনা কমিটি, সুপার/অধ্যক্ষকে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

প্রফেসর এ. কে. এম. ছায়েফ উল্যা  
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)  
ও রেজিস্ট্রার  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৫৮৬১০২১৬

স্বাক্ষর  
২৪/৮/১৬

প্রাপকঃ ১) সভাপতি/সদস্যবৃন্দ, মাদরাসা পরিচালনা কমিটি।

২) সুপার/অধ্যক্ষ, অত্র বোর্ডের অধিক্ষেত্রাধীন দাখিল ও আলিম স্তরের সকল মাদরাসা।

নং- বামাশিবো/সংস্থাপন/ ৯৭০(১০)

তারিখঃ- ২৪/০৮/২০১৬খ্রিঃ

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. অতিরিক্ত সচিব (মাদরাসা), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জেলা প্রশাসক, সকল।
৩. জনাব মোঃ আখতারউজ-জামান, সিনিয়র সহকারী সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. উপজেলা নির্বাহী অফিসার, সকল।
৭. জনাব মোহাম্মদ শহীদুল্লাহ, সহকারী সচিব (মাদরাসা-২), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।  
(তাকে পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ ও বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
৯. জেলা শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল।
১০. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।  
ফোনঃ ৯৬৭৪৮৭৪